

ব্রিকস 'ডেভলপমেন্ট পার্টানশিপ অ্যাডমিনিস্ট্রেটর'-এর বৈঠক, নয়াদিল্লি (আগস্ট ৬-৭ ২০১৬)

ব্রিকস 'ডেভলপমেন্ট পার্টানশিপ অ্যাডমিনিস্ট্রেটর'-এর বৈঠক সফলভাবে পর্যবসিত হল নয়াদিল্লিতে ৭ আগস্ট, ২০১৬। দু'দিনের বৈঠক সদস্য রাষ্ট্রগুলির মধ্যে নিজ নিজ উন্নয়ন সহযোগিতা কর্মসূচি বুঝতে সাহায্য করে এবং ব্রিকস রাষ্ট্রগুলির মধ্যে বিশ্বব্যাপী, জাতীয় এবং তাৎপর্যপূর্ণ ক্ষেত্রবিশেষে উন্নয়নমূলক সহযোগিতার ফলপ্রসূ আদানপ্রদান হয়েছে। সদস্য রাষ্ট্রগুলি তাদের মধ্যে সর্বোত্তম কর্মকাণ্ডের অভিজ্ঞতা শেয়ার করে এবং নীতিকর্মের মাধ্যমে নির্বাচিত এবং তাদের জাতীয় অগ্রাধিকারের সঙ্গে সঙ্গতিপূর্ণ বিষয়ে নিজেদের মধ্যে সহযোগিতা বাড়ানোর ব্যাপারে মনঃস্থির করে। এছাড়াও তারা উদীয়মান বিশ্বজিনি উন্নত স্থাপত্যের উপর মত বিনিময় করেন। এছাড়াও অংশ গ্রহণকারীরা ভারতীয় ডেভলপমেন্ট কো-অপারেশন ফোরাম (এফআইডিসি)-এর সদস্যদের সঙ্গে মত বিনিময় করেন।

সদস্য রাষ্ট্রগুলির মধ্যে উন্নয়ন সহযোগিতা সংক্রান্ত এই সংলাপ চালিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারে অংশগ্রহণকারীরা একমত হয়েছেন।

প্রতিনিধি দলকে উষ্ণ আতিথেয়তা এবং বৈঠকের সুষ্ঠু বন্দোবস্তের জন্য ব্রাজিল, রাশিয়া, চীন এবং দক্ষিণ আফ্রিকার প্রতিনিধিদল ভারত সরকারকে তাদের আন্তরিক অভিনন্দন জানান।

নয়াদিল্লি

আগস্ট ০৯, ২০১৬